দৈনিক সংবাদ

তারিখ DEC 1 0 1999

পৃষ্ঠা 2 কলাম ৬

20

# আন্তঃ বিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা শুরু হচ্ছে কাল থেকে

(নিজস্ব বার্তা পরিবেশক)

আগামীকাল শনিবার থেকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে সাতদিনব্যাপী ক্লোজ-আপ আন্তঃ বিশ্ববিদ্যালয় বিতর্ক প্রতিযোগিতা শুরু হচ্ছে। দেশের ২০টি শিক্ষা-প্রতিষ্ঠানের ৩৮টি বাংলা ও ইংরেজি বিতর্ক দল প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে।

গতকাল জাতীয় প্রেসক্লাবের হলরুমে জাহাঙ্গীরনগর ইউনিভার্সিটি ডিবেটিং সোসাইটি (জাডস্) আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে আয়োজকরা এ তথ্য জানান। সাংবাদিক সম্মেলনে জাডস্ সভাপতি শাহনেওয়াজ কবীর ও সাধারণ সম্পাদক কাজী মাহফুজ এম রহমান উপস্থিত ছিলেন।

বাংলা ও ইংরেজি উভয় ভাষায় সংসদীয় ধারার অস্ট্রেল-এশিয়ান পদ্ধতিতে এ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। বিশ্ববিদ্যালয় পর্যায়ের এ বিতর্ক প্রতিযোগিতায় টাইটেল স্পন্সর ক্লোজ-আপ টুথপেস্ট, কো-স্পন্সর হিসেবে থাকছে এনআইআইটি, বেক্সিমকো সিস্টেমস লিঃ, সিটিসেল ডিজিটাল ও হলমার্ক কাউস্।

বিতর্কের কয়েকটি বিষয় হলো ঃ প্রচার মাধ্যমের স্বাধীনতা, পৃথিবীর পরিবেশ, ক্রীড়া, দর্শন ও ধর্ম, রাজনৈতিক প্রতিবাদ ও বাঙালির স্বাধীনতা সংগ্রাম।